দৈনিক সংবাদ

তারিখ 28 NOV 1997
পৃষ্ঠা ১ কলাম ৬

বুয়েটে বিচারপতি হাবিবুর রহমান

# ছাত্র রাজনীতি আজ লাভজনক পেশা

(বুয়েটসংবাদদাতা)

"দেশে ছাত্র রাজনীতি আজ এক আকর্ষণীয় লাভজনক পেশা। অর্থ উপার্জন এবং প্রভাব ও প্রতিপত্তি বিস্তারের আশায় জান কবুল করে কিছু ছাত্র সেই লাভজনক পেশায় অতিশয়পন্থীর দ্বারস্থ হতে ইতস্তত বোধ করছে না। আজ লোকে ছাত্রদের ভয় পায়, তাদের এড়িয়ে যেতে চায়।" গতকাল বৃহস্পতিবার বুয়েটের ৫ম সমাবর্তন অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান এই কথাগুলো বলেন।

সমাবর্তন বক্তা, তত্ত্বাবধায়ক সরকারের

পেশা ঃ পৃঃ ১১ কঃ ৮

## পেশা ঃ ছাত্র রাজনীতি

(১ম পৃষ্ঠার পর)

প্রধান উপদেষ্টা ও সুপ্রিম কোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান ছাত্র রাজনীতির উপর গুরুত্ব আরোপ করে বলেছেন, দেশে আইন ও শৃংখলার যথোপযুক্ত প্রয়োগের অভাবে অভিভাবক, শিক্ষক ও শিক্ষাঙ্গনের কর্তৃপক্ষ থেকে সরকার পর্যন্ত সমাজের বেশ বড় একটা অংশ ছাত্রনামধারী সন্ত্রাসীদের হাতে জিম্মি হয়ে আছে। সন্ত্রাসীদের আস্কারা বা আশ্রয় দিয়ে কারো অবশ্য লাভ হচ্ছে না। সন্ত্রাসীরাও আত্মহননে খরচ হয়ে যাচ্ছে।

বিচারপতি মুহাম্মদ হাবিবুর রহমান সংবিধানের ১৫নং অনুচ্ছেদের কথা উল্লেখ করে বলেছেন, রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হবে পরিকল্পিত অর্থনৈতিক বিকাশের মাধ্যমে উৎপাদন শক্তির ক্রমবৃদ্ধি সাধন এবং জনগণের জীবনযাত্রার বস্তুগত ও সংস্কৃতিগত মানের দৃঢ় উন্নতি সাধন, যাতে করে প্রত্যেক নাগরিকের অন্ন, বস্ত্র, আশ্রয়, শিক্ষা ও চিকিৎসাসহ জীবন-ধারণের মৌলিক উপকরণ অর্জন নিশ্চিত করতে হয়। এই দায়িত্ব পালনে প্রকৌশল ও প্রযুক্তির সাহায্য নিতে হবে। তিনি বিজ্ঞান ও প্রযুক্তির অভাবনীয় উন্নতির ধারাকে বিশ্লেষণ করে তার সাথে তাল মিলিয়ে অগ্রসর হওয়ার জন্য প্রকৌশলীদের প্রতি আহ্বান জানান।